দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 AUG 2016
পৃষ্ঠা ৭ কলাম ৭



নগরকান্দা (ফরিদপুর): উপজেলার আশফরদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট থাকায় ক্লাস নিচ্ছে এক শিক্ষার্থী —ইত্তেফাক

# আশফরদী বিদ্যালয়ে শিক্ষার্থী যখন শিক্ষক!

■ নগরকান্দা (ফরিদপুর) সংবাদদাতা

নগরকান্দা উপজেলার আশফরদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সঙ্কটের কারণে শিশু থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ২৯৬ জন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম চালাচ্ছেন মাত্র দুজন শিক্ষক ও শিক্ষার্থীরা। বিদ্যালয়ে শিক্ষক সংকট ছাড়াও রয়েছে শ্রেণিকক্ষ সংকট।

বিদ্যালয়ে ছয়টি শ্রেণির শিক্ষার্থীদের পাঠদান করাতে ছয়জন শিক্ষক কর্মরত থাকার কথা থাকলেও একজন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও একজন সহকারী শিক্ষক কর্মস্থলে আছেন। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক প্রভাত চক্রবর্তী একাডেমিক কাজে ব্যস্ত থাকায় তিনি সব সময় ক্লাস নিতে পারেন না। তাই সহকারী শিক্ষক মাসুমা ফেরদৌসীকে দিয়েই চালাতে হচ্ছে পাঠদান। একজন শিক্ষকের পক্ষে ছয়টি শ্রেণির শিক্ষার্থীদের পাঠদান করানো একেবারেই অসম্ভব। এ কারণে বাধ্য হয়ে বিদ্যালয়ের পঞ্চম ও চতুর্থ শ্রেণির মেধাবী শিক্ষার্থীদের সাহায্য নিয়ে তৃতীয়, দ্বিতীয়, প্রথম ও শিশু শ্রেণির শিক্ষার্থীদের পাঠদান দিতে হচ্ছে। শিক্ষার্থীকে পালন করতে হচ্ছে শিক্ষকের ভূমিকা। এছাড়া বিদ্যালয়ে রয়েছে শ্রেণিকক্ষ সংকট। দীর্ঘদিন ধরে শিক্ষক ও শ্রেণিকক্ষ সংকটের কারণে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রভাত চক্রবর্তী জানান, বিদ্যালয়ের দুটি সহকারী শিক্ষক পদ প্রায় দুই বছর ধরে শূন্য রয়েছে। সহকারী শিক্ষক সুলতানা পারভীন ২০১৪ সাল থেকে উপজেলার শঙ্করপাশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডেপুটেশনে আছেন। সহকারী শিক্ষক অহিদা বেগম ১৫ মে থেকে মাতৃত্বকালীন ছুটিতে আছেন। তাই মাত্র দুজন শিক্ষকের পক্ষে শিক্ষা কার্যক্রম স্বাভাবিক রাখা অসম্ভব হয়ে পড়েছে। উপজেলা শিক্ষা অফিসার বজলুর রহমান বলেন, বিদ্যালয়ের পাঠদান স্বাভাবিক রাখতে শিক্ষক ও শ্রেণিকক্ষ সংকট নিরসনের জন্য যথাসম্ভব চেষ্টা করছি।